



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ১৮ জুলাই, ২০১৮

### প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৮ জুলাই, ২০১৮ তারিখ বিকাল ৪ টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ পরিসংখ্যান বিভাগের উদ্যোগে “International Workshop on Data Analysis Using SPSS” শীর্ষক কর্মশালার শুভ উদ্বোধন করেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আয়োজন সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বলেন, বিজ্ঞান ভিত্তিক গবেষণায় এ বিশ্ববিদ্যালয় অনন্য ভূমিকা পালন করছে। ইতোমধ্যে এবিশ্ববিদ্যালয়ের গবেষণা বাজেট দ্বিগুনের বেশী বৃদ্ধি করে ২ কোটি ৯০ লক্ষ টাকা হয়েছে। ডাটা এ্যানালাইসিস শীর্ষক আজকের এই আন্তর্জাতিক কর্মশালা দক্ষ গবেষক সৃষ্টি করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

এ সময় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন স্কুল অব ফিজিক্যাল সায়েন্সেস এর ডিন প্রফেসর ড. আহমেদ কবির এবং পরিসংখ্যান বিভাগের ছাত্র উপদেষ্টা প্রফেসর ড. মো. কবির হোসেন। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন পরিসংখ্যান বিভাগের প্রধান প্রফেসর ড. আহমেদ কবির চৌধুরী।

অনুষ্ঠান সঞ্চালনা করেন প্রফেসর ড. মোহাম্মদ শাহিদুল ইসলাম।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার